যুগান্তর

তারিখ ... 06 JAN 2016 ...
পৃঃ ...৭... কলাম ...৬...

## শিক্ষার্থীদের শীতবস্ত্র বিতরণ করল সচেতন সমাজ

প্রতিবছরের মতো এবারও সচেতন সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে স্কুল শিক্ষার্থীদের মধ্যে কম্বল বিতরণ করা হয়েছে। নাজির বাজার বালিকা উচ্চ বিদ্যালয়ে সম্প্রতি এ শীতবস্ত্র বিতরণ করেন সংগঠনের সভাপতি শহীদ মাহমুদ শহীদউল্লাহ।

এ সময় উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক হেলাল উদ্দিন, মো. আলী হোসেন, আবু তালেব, আবদুল মোমিন, শিকদার হোসেন, হাফেজ কামাল, হাফেজ সজীবসহ স্কুলের শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। এছাড়া নাজির বাজার প্রাথমিক বালিকা বিদ্যালয়, বাংলাদুয়ার ইসলামিয়া প্রাথমিক বিদ্যালয়সহ পুরাতন ঢাকার বিভিন্ন স্কুলে কম্বল বিতরণ করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।